গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
চট্টগ্রাম
(সংস্থাপন শাখা)
www.chittagongdiv.gov.bd

নম্বরঃ ০৫.৪২.০০০০.০১৩.০১.০০১.২০-৬১২

তারিখঃ ৩০ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ
১৫ নভেম্বর ২০২০ খ্রি.

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রামের নিম্নোক্ত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগের জন্য নিম্নবর্ণিত শর্তে চট্টগ্রাম বিভাগের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রম | পদের নাম | বেতন স্কেল | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ০১ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৯৩০০-২২৪৯০/- | ০৯ | কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। এবং ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন ও বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা এবং কম্পিউটার কম্পোজিং-এ বাংলায় ও ইংরেজিতে টাইপিং এর গতি প্রতি মিনিটে যথাক্রমে ২০ ও ২০ শব্দ। | চট্টগ্রাম, কক্সবাজার, কুমিল্লা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া ও লক্ষ্মীপুর |
| ০২ | অফিস সহায়ক | ৮২৫০-২০০১০/- | ০২ | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | চট্টগ্রাম বিভাগের সকল জেলা |
| ০৩ | মালি | ৮২৫০-২০০১০/- | ০৪ | কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঐ |
| ০৪ | পরিচ্ছন্নতাকর্মী | ৮২৫০-২০০১০/- | ০২ | কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঐ |

আবেদনের শর্তাবলিঃ

০১. "বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম" কে সম্বোধন করে স্পষ্টাক্ষরে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরমটি বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রামের ওয়েব সাইট www.chittagongdiv.gov.bd থেকে সংগ্রহ করা যাবে।

০২. আবেদনকারীর বয়স ১৫/১২/২০২০ তারিখে সর্বনিম্ন ১৮(আঠারো) এবং সর্বোচ্চ ৩০(ত্রিশ) বছর হতে হবে। তবে শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সন্তান এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে সরকারি বিধিমোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২(বত্রিশ) বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেবিট গ্রহণযোগ্য হবে না।

০৩. প্রার্থী নির্বাচনে সরকারি বিধি বিধান ও কোটা নীতি অনুসরণ করা হবে।

০৪. সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। এক্ষেত্রে বয়স শিথিলযোগ্য নহে এবং কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

০৫. আবেদনের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতার সমর্থনে মূল/সাময়িক সনদের সত্যায়িত ছায়ালিপি (খ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি সত্যায়িত রঙিন ছবি (গ) প্রার্থীর নিজ এলাকার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক স্থায়ী নাগরিকত্বের সনদ ও পার্বত্য জেলার ক্ষেত্রে স্থায়ী নিবাসের স্বপক্ষে প্রদত্ত সনদ (ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ (ঙ) কোটার সমর্থনে যাবতীয় সনদ সংযুক্ত করতে হবে। সত্যায়নের ক্ষেত্রে প্রথম শ্রেণির কর্মকর্তার নাম, পদবিসহ সুস্পষ্ট সীল ও স্বাক্ষর থাকতে হবে।

০৬. প্রার্থীকে পরীক্ষার ফি বাবদ "অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক" পদের জন্য ১০০(একশত) টাকা এবং "অফিস সহায়ক/মালি/পরিচ্ছন্নতাকর্মী" পদের জন্য ৫০(পঞ্চাশ) টাকা "১-০৭৪১-০০০০-২০৩১" নম্বর কোডে ট্রেজারি চালানের মাধ্যমে জমা দিয়ে চালানের মূল কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। কোন প্রকার পোস্টাল অর্ডার/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এক্ষেত্রে গ্রহণযোগ্য হবে না।

০৭. সকল পদের আবেদনপত্র আগামী ১৫/১২/২০২০ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে ডাকযোগে "বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, কোর্ট বিল্ডিং, চট্টগ্রাম" এ ঠিকানায় পৌঁছাতে হবে।

০৮. প্রার্থীকে খামের উপর পদের নাম ও কোটায় আবেদন করলে কোটার নাম স্পষ্ট করে লিখতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। হাতে হাতে বা সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না।

০৯. আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর যাদের আবেদনপত্র ত্রুটিমুক্ত পাওয়া যাবে শুধুমাত্র তাদেরকে নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হবে। এ জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

১০. লিখিত/ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রত্যেকটি পরীক্ষায় পৃথকভাবে উত্তীর্ণ হতে হবে।

১১. আবেদনপত্র বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষ/নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২. কর্তৃপক্ষ প্রয়োজনবোধে বিজ্ঞপ্তির যেকোন শর্তে সংযোজন, বিয়োজন, পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩. নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে প্রার্থীর নাম-ঠিকানা উল্লেখপূর্বক ১০(দশ) টাকার ডাকটিকেট লাগানো একটি ১০× ৪ ইঞ্চি খাম আবেদনের সাথে দাখিল করতে হবে।

১৪. একজন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না, করলে তা বাতিল বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/-
**এ বি এম আজাদ** এনডিসি
বিভাগীয় কমিশনার
চট্টগ্রাম

নম্বরঃ ০৫.৪২.০০০০.০১৩.০১.০০১.২০- ৮১২

তারিখঃ ৩০ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ / ১৫ নভেম্বর ২০২০ খ্রি.

**অনুলিপি, অবগতির জন্য**

১. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. জেলাপ্রশাসক (সকল)......................, চট্টগ্রাম বিভাগ
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা (সকল)......................., জেলাপরিষদ, চট্টগ্রাম বিভাগ
৪. উপপরিচালক, বিভাগীয় তথ্য অফিস, চট্টগ্রাম (তাঁকে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
৫. সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ইত্তেফাক/দৈনিক পূর্বকোণ। আপনার বহুল প্রচারিত পত্রিকার ভিতরের পাতায় সিঙ্গেল স্পেসে স্বল্প পরিসরে (৩ কলাম ৮ ইঞ্চি) এক দিনের জন্য আগামী ০৭(সাত) দিনের মধ্যে প্রকাশের অনুরোধ করা হলো। যে দিন নিয়োগ বিজ্ঞপ্তিটি প্রকাশিত হবে সেদিনের পত্রিকার ০২(দুই) টি কপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৬. নোটিশ বোর্ড/মাস্টার নথি

১৫/১১/২০

বিভাগীয় কমিশনার
চট্টগ্রাম
☏০৩১-৬১৫২৪৭ 🖷০৩১-৬১৭৪০০
www.chittagongdiv.gov.bd

৫×৫ সে.মি
ছবি (সম্প্রতি
তোলা তিন কপি)

# চাকরির আবেদন ফরম

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম : | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তি নম্বর : | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | |
| | | | | | | | | | | | |
| ৩. | প্রার্থীর নাম | বাংলা: | | | | | | | | | |
| | | ইংরেজীতে ( বড় অক্ষরে) : | | | | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয় পত্র নম্বর: | | | | | | | | | | (যেকোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | | | | | | | | | |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৫. | জন্ম তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | ৬. জন্ম স্থান (জেলা): |
| | | | | | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস | দিন |
| ৮. | মাতার নাম: | | | |
| ৯. | পিতার নাম: | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা : | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোস্টকোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর: | ই-মেইল (যদি থাকে): |

| | | | |
|---|---|---|---|
| ১২. | জাতীয়তা: | ১৩. | জেন্ডারঃ |
| ১৪. | ধর্ম : | ১৫. | পেশা |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৬. | শিক্ষাগত যোগ্যতা: | | | | | |
| | পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ ( প্রযোজ্য ক্ষেত্রে): | | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ্য করুন): |

২০ প্রার্থী শহিদ মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধা পরিবারের সন্তান বা শহিদ মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে এ সম্পর্কে নিম্নলিখিত কলামের তথ্যসমূহ লিপিবদ্ধ করুন (শুধুমাত্র মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্রকন্যা/পুত্রকন্যার পুত্রকন্যা ক্ষেত্রে প্রযোজ্য):

| | প্রার্থীর নাম | মুক্তিযোদ্ধার নাম | মুক্তিযোদ্ধার পিতার নাম | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয় পত্র, জন্ম তারিখ, জন্ম সনদ, মৃত মুক্তিযোদ্ধার ক্ষেত্রে মৃত্যু সনদ | মুক্তি বার্তার নম্বর | গেজেট নম্বর ও তারিখ | মন্ত্রণালয়ের সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর | বামুস সনদ নম্বর ও তারিখ | মুক্তিযোদ্ধার নাতি নাতনী দাবি করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয় পত্র, পিতা মাতার জাতীয় পরিচয় পত্র | মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদ পত্র, পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতামাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রমাণক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২১. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর: | তারিখ: | | | | | | | | | |
| | ব্যাংক ও শাখার নামঃ | | | | | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২২. | বিভাগীয় প্রার্থী কিনা ( টিক দিন) : | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| তারিখঃ | | | | | | | | | প্রার্থীর স্বাক্ষর |